দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়
বরিশাল

স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০৬৯.১৯. ১৫৪২(৭) তারিখ- ২৬/০৬/২০১৯ খ্রি.

বিষয় : দুর্নীত দমন কমিশন কর্তৃক প্রদত্ত অর্থ দ্বারা রচনা, বিতর্ক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

সূত্র : দুদক, প্রকা, ঢাকার স্মারক নং- ০০.০১.০০০০.৩০১.২৮.০০১.১৯-২২৫১৭(১১৬৯), তারিখ- ১১/০৬/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি প্রতিরোধে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশালের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে সততা সংঘ গঠন করা হয়েছে। আপনার অধিক্ষেত্রাধীন সততা সংঘ রয়েছে এমন ১০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা, বিতর্ক প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য কমিশন কর্তৃক ইতিপূর্বে ৪,১০০/- টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠান আয়োজন ও মনিটরিং করার সংযুক্ত নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক সংযুক্ত ছকে অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন আগামী ২৭/০৬/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০২ পাতা।

২৬/০৬/১৯
(দেবব্রত মন্ডল)
উপপরিচালক
ফোন : ০৪৩১-৬৪৬০৫
(ই-মেইল : dd.ido.barishal@acc.org.bd)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
পিরোজপুর সদর/ ইন্দুরকানী/ নাজিরপুর/ নেছারাবাদ/
কাউখালী/ ভাণ্ডারিয়া/ মঠবাড়িয়া, পিরোজপুর।

~~স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০৬৯.১৯. তারিখ- /০৬/২০১৯ খ্রি.~~

~~অনুলিপি সদয় অবগতির জন্য :~~
~~১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।~~
~~২. অফিস কপি।~~

~~(দেবব্রত মন্ডল)~~
~~উপপরিচালক~~
~~ফোন : ০৪৩১-৬৪৬০৫~~

দুর্নীতি দমন কমিশন থেকে দেয়া অর্থ দিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘের ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও মনিটরিং করার জন্য কতিপয় নির্দেশনা-

দুর্নীতি দমন কমিশন থেকে ২০১৮-২০১৯ অর্থ বছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘের ছাত্রছাত্রীদের নিয়ে বির্তক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য যে অর্থ বরাদ্দ দেয়া হয়েছে উক্ত অর্থ দ্বারা সেসব অনুষ্ঠান যাতে যথাযথভাবে অনুষ্ঠিত হয় সেগুলো মনিটরিং এর জন্য দুর্নীতি দমন কমিশন থেকে নিম্নরুপ ব্যবস্থা নেয়া প্রয়োজন।

১। জুন/২০১৯ এর মধ্যে ৮ টি বিভাগে **দুর্নীতি দমন কমিশনের ৮ জন ( বর্তমানে ৫ জন ) মহাপরিচালক** একই দিনে জেলা পর্যায়ের ২টি স্কুলে (একটি প্রভাতী শাখা ও একটি দিবা শাখা) বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন। বির্তক ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার দেবেন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ৮×২=১৬ টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় করবেন সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক এবং সংশ্লিষ্ট সজেকার উপপরিচালক অনুষ্ঠান আয়োজন করবেন।

২। . জুন/২০১৯ এর মধ্যে **প্রধান কার্যালয়ের ২২ জন পরিচালক** ২২ টি সজেকায় প্রত্যেকে একই দিনে ২টি স্কুলে (একটি প্রভাতী শাখা ও একটি দিবা শাখা) সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ২২×২=৪৪টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় ও অনুষ্ঠান আয়োজন করবেন সংশ্লিষ্ট সজেকার উপপরিচালক।

৩। জুন/২০১৯ এর মধ্যে **বিভাগীয় কার্যালয়ের ৮ জন পরিচালকের** প্রত্যেকে ৪(চার) দিনে তার অধীনস্থ জেলা ও উপজেলা মিলে মোট ৮ টি স্কুলের (৪টি প্রভাতী ও ৪টি দিবা শাখা) সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ৮×৮=৬৪ টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় ও অনুষ্ঠান আয়োজন করবেন সংশ্লিষ্ট সজেকার উপপরিচালক।

৪। জুন/২০১৯ এর মধ্যে **সমন্বিত জেলা কার্যালয়ের ২২ জন উপপরিচালকের** প্রত্যেকে ৫(পাঁচ) দিনে তার অধীন জেলা ও উপজেলা মিলে মোট ১০ টি স্কুলের (৫টি প্রভাতী শাখা ও ৫টি দিবা শাখা) সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ২২×১০=২২০ টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় ও অনুষ্ঠান আয়োজন করবেন সংশ্লিষ্ট সজেকার উপপরিচালক এবং সহযোগিতায় সংশ্লিষ্ট জেলা/উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি।

৫। জুন/২০১৯ এর মধ্যে **জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যগন ও সমন্বিত জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট ২২ জন সহকারী পরিচালক** ৬(ছয়) দিনে জেলা ও উপজেলায় মোট ১২ টি স্কুলের (৬টি প্রভাতী শাখা ও ৬টি দিবা শাখা) সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে

পুরস্কার বিতরণ করবেন ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ২২×১২=২৬৪ টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় ও আয়োজন করবেন সজেকার সংশ্লিষ্ট সহকারী পরিচালক, সহযোগিতা করবেন জেলা/উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি।

৬। জুন/২০১৯ এর মধ্যে ৪৮৬ টি উপজেলার প্রতিজন উপজেলা নির্বাহী কর্মকর্তা ৪টি করে স্কুলের সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ৪৮৬×৪=১৯৪৪ টি স্কুল পরিদর্শন করা যাবে।

এটি সমন্বয় করবেন সজেকার উপপরিচালক ও আয়োজন করবেন সজেকার সংশ্লিষ্ট সহকারী পরিচালক, সহযোগিতা করবেন জেলা/উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি।

৭। জুন/২০১৯ এর মধ্যে ৪৮৬ উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার ৮টি করে স্কুলের সততা সংঘের ছাত্র ছাত্রীদের বির্তকের চূড়ান্ত রাউন্ড দেখবেন, বির্তক ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবে ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করবেন। এতে করে ৪৮৬×৮=৩৮৮৮ টি স্কুল পরিদর্শন করা যাবে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নির্দেশনায় এটি আয়োজন করবেন সংশ্লিষ্ট জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং সমন্বয় করবেন সজেকার একজন উপসহকারী পরিচালক।

৩০শে জুন অতিক্রান্ত হওয়ার পর ১লা জুলাই/২০১৯ ই মেইল যোগে সকল সজেকার উপপরিচালক উল্লেখিত অনুষ্ঠান সমূহ বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নিম্নের ছক অনুয়ায়ী কমিশনের প্রতিরোধ অনুবিভাগের মহাপরিচালক বরাবর প্রেরন করবেন।

| ক্রমিক নং | সজেকার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা | অনুষ্ঠান সম্পন্নের তারিখ | অনুষ্ঠানের প্রধান অতিথির নাম | রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের নাম | বির্তক প্রতিযোগিতায় বিজয়ীদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

২৫/০৫/১৯
(মোঃ শামীম আনোয়ার)
পরিচালক (সিস্টেম উন্নয়ন ও সমন্বয়)
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।